# ক্যান্টনমেন্ট বোর্ড

## কুমিল্লা ক্যান্টনমেন্ট, কুমিল্লা

স্মারক নং- ২৩.২২.৭০০২.০০৭.৩১.০০১.২৬-১০৮

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১১ মে ২০২৬ খ্রিস্টাব্দ

# ইজারা বিজ্ঞপ্তি

এতদ্দারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুমিল্লা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত নিম্নবর্ণিত বাজার/পার্কিং এরিয়া/স্থাপনাসমূহ আগামী ০১/০৭/২০২৬ হতে ৩০/০৬/২০২৭ পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত দরপত্র আহবান করা যাচ্ছেঃ

| ক্র. নং | বাজার/স্থাপনার নাম | ২০২৬-২০২৭ অর্থ বার্ষিক সরকারি ইজারামূল্য | সিডিউল মূল্য | যে তারিখ পর্যন্ত দরপত্র বিক্রয় করা হবে | দরপত্র গ্রহণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ক্যান্টনমেন্ট মার্কেট টিপরা বাজারের কাঁচা বাজার পাইকারী আড়ৎ | ৪০,৭৩,৬৬৭/- | ৮,৮০০/- | ১ম পর্ব-০৩/০৬/২০২৬ | ০৪/০৬/২০২৬ | কোন স্থাপনার প্রদত্ত দর দরপত্রে ১ম পর্বে সন্তোষজনক না হলে পর্যায়ক্রমে ২য়, ৩য়, ও ৪র্থ পর্বে ঐ স্থাপনার দরপত্র গ্রহণ করা হবে। কোন প্রদত্ত দর অনুমোদিত হলে পরবর্তী পর্বে ঐ স্থাপনার সিডিউল বিক্রি করা হবে না। এছাড়া কোন পর্বের দরপত্র পরবর্তী পর্বে দাখিল করা যাবে না। |
| ২ | টিপরা বাজারের গ্রুপ টয়লেট (ঢাকা স্ট্যান্ড ও বিবাড়িয়া বাসস্ট্যান্ডের টয়লেটসহ) | ৫,৭৯,৩৩৪/- | ১,৮০০/- | ২য় পর্ব-১০/০৬/২০২৬ | ১১/০৬/২০২৬ | |
| ৩ | বাংলা বাজারের কাঁচা বাজার | ৩,৫২,৯০০/- | ১,৪০০/- | ৩য় পর্ব-১৭/০৬/২০২৬ | ১৮/০৬/২০২৬ | |
| ৪ | কোটবাড়ী মার্কেটের সিএনজি পার্কিং এরিয়া (পিকনিকের গাড়ী পার্কিংসহ) | ১২,৬৫,০০০/- | ৩,২০০/- | ৪র্থ পর্ব-২৪/০৬/২০২৬ | ২৫/০৬/২০২৬ | |
| ৫ | কোটবাড়ী মার্কেটের কাঁচা বাজার (মার্কেটের গ্রুপ টয়লেটসহ) | ৬১,৪৫,৭০০/- | ১৩,০০০/- | | | |
| ৬ | গোমতী টাওয়ারের গাড়ী পার্কিং এরিয়া | ৩,০২,৫০০/- | ১,৪০০/- | | | |
| ৭ | টিপরা বাজারের বিভিন্ন মার্কেটের অনুমোদিত পরিবহন/যানবাহন পার্কিং এরিয়া | ১,৪৫,৬৪,০০০/- | ২৯,৮০০/- | | | |

## শর্তাবলী ঃ

০১। দরপত্র সিডিউলসমূহ ক্যান্টনমেন্ট বোর্ড, কুমিল্লা সেনানিবাস হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতিত) ক্রয় করা যাবে। উল্লেখ্য, দরপত্র সিডিউল ক্রয়ের সময় দরদাতা সশরীরে উপস্থিত হয়ে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১(এক) কপি ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি/জন্ম সনদপত্রের ফটোকপি, চেয়ারম্যান সার্টিফিকেটের কপি, টিআইএন সনদের ফটোকপি, ব্যাংক সলভেন্সি/গ্যারান্টি আবশ্যিকভাবে ০১(এক) সেট জমা করতে হবে। দরদাতা সশরীরে উপস্থিত হতে অপারগ হলে তার স্বাক্ষরে প্রত্যায়নকৃত প্রতিনিধি কর্তৃক দরপত্র সিডিউল ক্রয় করা যাবে।

**০২। কুমিল্লা ক্যান্টনমেন্ট কর্তৃপক্ষের নিকট হতে সন্তোষজনক নিরাপত্তা ছাড়পত্র পাওয়া না গেলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।**

০৩। দরপত্র দাখিলের জন্য নির্ধারিত তারিখে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত অত্র দপ্তরের দরপত্র বাক্সে দরপত্র দাখিল করা যাবে এবং একই দিন বেলা ১২:৩০ ঘটিকায় (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। প্রতি পর্বে কোন স্থাপনার প্রাপ্ত দর অনুমোদিত হলে পরবর্তী পর্বে তা বাদ যাবে। দরপত্র দাখিলের ধার্য তারিখে সরকারি ছুটি হলে পরবর্তী কার্যদিবস দরপত্র দাখিলের জন্য নির্ধারিত হবে।

০৪। খামের উপর দরদাতার নাম, ঠিকানা (মোবাইল নম্বরসহ) ও স্থাপনার নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৫। দরপত্রের সাথে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, কুমিল্লা সেনানিবাস এর অনুকূলে দাখিলকৃত স্থাপনার ইজারা মূল্যের ১ম পর্বের জন্য ১০০%, ২য় পর্বের জন্য ৭০% এবং ৩য় ও ৪র্থ পর্বের জন্য ৫০% টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা করতে হবে।

**০৬। দরপত্র সিডিউলের সাথে অবশ্যই সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, নাগরিকত্ব সনদের কপি, টিআইএন সনদের ফটোকপি, ব্যাংক সলভেন্সি/গ্যারান্টি দাখিল করতে হবে। অন্যথায়, দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে।**

০৭। দরদাতাকে স্থাপনার বিদ্যুৎ ব্যবহারের নিমিত্ত ক্রমিক নং-০১ ও ০২-এ বর্ণিত প্রত্যেকটি স্থাপনার জন্য পৃথকভাবে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, কুমিল্লা ক্যান্টনমেন্ট এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে দরপত্র সিডিউলের সাথে দাখিল করতে হবে। যা ইজারার মেয়াদ শেষ হলে ফেরৎ প্রদান করা হবে। উল্লেখ্য, শুধুমাত্র অনুমোদিত সর্বোচ্চ দরদাতার পে-অর্ডারটি জমা রাখা হবে এবং অন্যদের পে-অর্ডার টেন্ডার কার্যক্রম সম্পন্ন হওয়ার পর ফেরৎ প্রদান করা হবে।

০৮। দাখিলকৃত দরের অবশিষ্ট টাকা অনুমোদিত দরদাতাকে দর অনুমোদনের বিষয়ে অবহিত হওয়া সংক্রান্ত পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে অত্র দপ্তরে জমা করতে হবে। দর অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে অবশিষ্ট টাকা পরিশোধ করতে ব্যর্থ হলে দরপত্র বাতিলসহ জামানত বাতিল বলিয়া গণ্য হবে এবং পুনরায় ইজারা প্রদানের কার্যক্রম গ্রহণ করা হবে।

০৯। অনুমোদিত দরদাতাকে দর অনুমোদনের বিষয়ে অবহিত হওয়া সংক্রান্ত পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দাখিলকৃত দরের ৫% জামানত হিসেবে পে-অর্ডারের মাধ্যমে অত্র দপ্তরে জমা করতে হবে।

১০। অনুমোদিত দরদাতাকে সরকারি বিধি মোতাবেক ভ্যাট-১৫% ও আয়কর-১০% (যা সরকার কর্তৃক পরিবর্তনযোগ্য) ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করতে ট্রেজারী চালানের মূল কপি অত্র দপ্তরে জমা করতে হবে।

১১। ভ্যাট ও আয়করসহ ইজারার সমুদয় অর্থ পরিশোধের পর টোল/খাজনা আদায়ের নিমিত্ত স্থাপনা বুঝিয়ে দেয়া হবে। স্থাপনা বুঝে নেয়ার পূর্বে ৩০০/- টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। চুক্তিপত্রে নির্ধারিত টোল/খাজনা আদায়ের হার উল্লেখ থাকতে হবে।

১২। ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নির্ধারিত পার্কিং এরিয়া/স্থানের বাহিরে কোন পার্কিং চার্জ/টোল/খাজনা আদায় করা যাবে না।

১৩। কোন ধরনের প্রাকৃতিক কিংবা জাতীয় সমস্যার কারণে ইজারার টাকা/মেয়াদ হ্রাস/বৃদ্ধি করার কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৪। ক্যান্টনমেন্ট বোর্ড অনুমোদিত সর্বশেষ নীতিমালা অনুযায়ী স্থাপনাগুলো ইজারা দেয়া হবে। ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্য অফিস হতে জানা যাবে।

১৫। যে কোন দরপত্র কিংবা সকল দরপত্র আংশিক বা সম্পূর্ণরূপে কোন কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১১/০৫/২৬

(মোছাঃ মাছুমা আরেফিন)
উপসচিব
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
কুমিল্লা ক্যান্টনমেন্ট।

E:\সায়েম\মার্কেট সংক্রান্ত\ইজারা সংক্রান্ত\বিজ্ঞপ্তি.docx-